শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি

মুজিব শতবর্ষ
পল্লী বিদ্যুতের সেবা বর্ষ

রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা

টেলিফোনঃ ০৯৫১-৬১৩৫৩, ০৯৫১-৬১৮৯৯, ই-মেইলঃ netrokonapbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৭২০০.৫৪৫.০২.০০৮.২০২০. ১৬৭০ — তারিখঃ ১৬ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ / ২৯/০২/২০২০খ্রিস্টাব্দ

## "আন্তঃ পবিস পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি"

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এ নিম্নবর্নিত শূন্য পদ পূরনের লক্ষ্যে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত ওয়্যারিং পরিদর্শক গণের মধ্য হতে পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্নিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/ সদস্য সেবা কো-অর্ডিনেটর | (ক) ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যুনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/পাওয়ার ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রাপ্তদের ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যুনতম ০৫ বৎসরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(গ) ওয়্যারিং সংক্রান্ত মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে।<br>(ঘ) নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি-১৯৯২, (সংশোধিত-২০১২) এর ধারা-৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।<br>(ঙ) বিগত ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমুল্যায়ন রেটিং ন্যুনতম ৩.৫০ থাকতে হবে।<br>(চ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে সকল শর্তসমূহ পূরণ হতে হবে। |

শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে বাংলায় (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ট) চাকুরীতে নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ আগামী ১৪/০৩/২০২০খ্রিঃ তারিখ বেলা ১০:০০ ঘটিকার মধ্যে স্ব-শরীরে নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**০২। আবেদন পত্রের সহিত নিম্নে বর্নিত কাগজ পত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ**

(ক) সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(খ) বিগত ০৩(তিন) বছরের (সর্বশেষ তিন বছরের) বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।
(গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) জাতীয় পরিচয় পত্র/ইউনিয়ন পরিষদ/পৌরসভা/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
(ঙ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিত করন পত্রের সত্যায়িত ফটোকপি।
(চ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমান পত্রের ফটোকপি।
(ছ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫(পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
(জ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

০৩। উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না;
(ক) সর্বশেষ ০৩(তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(খ) সর্বশেষ ০১(এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(গ) সর্বশেষ ০৫(পাঁচ) বছরের ভিতরে একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঘ) বিগত ০৪(চার) বছরের ভিতরে একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঙ) বিগত ০৩(তিন) বছরের ভিতরে একাধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(চ) পদোন্নতির জন্য তিনবার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন অবস্থায়;

অঃপৃঃদ্রঃ

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি

মুজিব শতবর্ষ
পল্লী বিদ্যুতের সেবা বর্ষ

রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা

টেলিফোনঃ ০৯৫১-৬১৩৫৩, ০৯৫১-৬১৮৯৯, ই-মেইলঃ netrokonapbs@gmail.com



০৪। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগপ্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যূত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। অত্র সমিতির কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা তাদের রক্ত সম্পর্কের কারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

০৬। বিভাগীয় তদন্ত চলমান/শৃঙ্খলাজনিত কোন অভিযোগ রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য ''চলতি দায়িত্ব'' পদে নিয়োগ দেওয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত ও পবিস নির্দেশিকা অনুযায়ী প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা যেতে পারে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি অথবা পূর্ববর্তী পদে ফেরৎ অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৮। চলতি দায়িত্বে থাকাকালীন পূর্ব পদের অর্থাৎ মিটার টেস্টার এর সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৯। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকার (নেত্রকোনা সদর, পূর্বধলা, দূর্গাপুর, কলমাকান্দা, বারহাট্টা, মোহনগঞ্জ, আটপাড়া, মদন, খালিয়াজুরী,কেন্দুয়া ও সুনামগঞ্জ জেলার মধ্যনগর থানা সহ ধর্মপাশা উপজেলা) স্থায়ীভাবে বসাবাসকারীদের আবেদন করার প্রয়োজন নেই।

১০। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিল আবেদন/ প্রত্যাখ্যান আবেদন করতে পারবেন না।

১১। যে কোন আবেদনপত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। সাক্ষাৎকার পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

২৯/০২/২০২০

( মোঃ জাকির হোসেন )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ ( সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধসহ)

১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (কেঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ...................................... পবিস ১/২/৩/৪ ।
৪। ডিজিএম, মদন/পূর্বধলা/দূর্গাপুর/কেন্দুয়া/মোহনগঞ্জ জোনাল অফিস/ডিজিএম (কারিগরী), নেপবিস।
৫। এজিএম (এম,এস/ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ) নেপবিস।
৬। এজিএম (ওএন্ডএম), কলমাকান্দা/আটপাড়া সাব-জোনাল অফিস, নেপবিস।
৭। নোটিশ বোর্ড, নেত্রকোণা পবিস।
৮। অফিস/মাস্টার কপি।

২৯/০২/২০২০

( মোঃ জাকির হোসেন )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)